E:\HRMD\01. SH Dewan (19.06.2022)\Order\Proggapon-2022.doc

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯ / ০৪ সেপ্টেম্বর ২০২২

## প্রজ্ঞাপন নং-১৫/২০২২

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মচারী) গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ এর প্রবিধান-১০ এর প্রদত্ত ক্ষমতাবলে কর্পোরেশনের পরিচালনা বোর্ড কর্তৃক ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মচারী) গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ অধিকতর সংশোধনকল্পে প্রবিধান-৮(৭) প্রতিস্থাপন করা হয়েছে।

০২। গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ এর প্রতিস্থাপিত প্রবিধান-৮(৭) বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় ১৪ আগস্ট ২০২২ তারিখে প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটে প্রকাশিত বর্ণিত প্রবিধানমালার প্রতিস্থাপিত প্রবিধান-৮(৭) অংশটি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের অবগতির জন্য এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

**(জাহাঙ্গীর হোসেন)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপকগণের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৪, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

## প্রজ্ঞাপন

তারিখ : ২৬ ডিসেম্বর, ২০২১

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন-২০১৪ (২০১৪ সনের ১২নং আইন) এর ৪০নং ধারার (১)নং উপ-ধারা এবং উপ-ধারা (২) (থ) এ প্রদত্ত ক্ষমতাবলে কর্পোরেশনের পরিচালনা বোর্ড কর্তৃক প্রণীত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মচারী) গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ এর প্রবিধান-১০ এর প্রদত্ত ক্ষমতাবলে কর্পোরেশনের পরিচালনা বোর্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মচারী) গৃহ নির্মাণ অগ্রিম প্রবিধানমালা, ২০১৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

‘প্রবিধান-৮(৭)’ এর পরিবর্তে নিম্নরূপভাবে ‘প্রবিধান-৮(৭)’ প্রতিস্থাপিত হইবে, যথা—

| | |
|---|---|
| কোন কর্মচারী চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/ অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে তাঁহার পারিবারিক অবস্থা পর্যালোচনা করিয়া বিশেষ বিবেচনায় গৃহ নির্মাণ অগ্রিমের অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের প্রস্তাব কর্পোরেশনের পরিচালনা বোর্ড বিবেচনা করিতে পারিবে। | অবসর গ্রহণকারী কর্মচারীর গৃহ নির্মাণ অগ্রিমের অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ নিয়মাবলী পরিপালনীয়ঃ<br>১। অপরিশোধিত আসল ও সুদ মওকুফের আওতা:<br>ক) চাকুরিরত/পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারী।<br>খ) অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারী। |


মূল্য : টাকা ৮.০০

| | |
|---|---|
| | ২। অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয়ে নিম্নরূপভাবে গঠিত কমিটি প্রয়োজনীয় সুপারিশ প্রদান করিবে:<br>(০১) মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস্ এন্ড ফাইন্যান্স সদস্য<br>(০২) মহাব্যবস্থাপক, অ্যাডমিন সদস্য<br>(০৩) মহাব্যবস্থাপক, অপারেশনস্ সদস্য<br>(০৪) উপ-মহাব্যবস্থাপক, ইস্টাবলিশমেন্ট ডিভিশন সদস্য<br>(০৫) সহকারী মহাব্যবস্থাপক, প্র.এন্ড ক.সা.ডি সদস্য-সচিব<br>উল্লেখ্য যে, কমিটির জ্যেষ্ঠতম সদস্য (মহাব্যবস্থাপক) সভার সভাপতির দায়িত্ব পালন করিবেন। এই কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবে।<br>৩। <u>অপরিশোধিত ঋণের আসল ও সুদ মওকুফ প্রক্রিয়া:</u><br>(৩.১) অগ্রিম/ঋণ গ্রহণকারী মৃত কর্মচারীর উত্তরাধিকারী অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারী কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর আবেদন (প্রাসঙ্গিক সকল কাগজপত্রসহ) করিবেন।<br>(৩.২) আবেদনের প্রেক্ষিতে প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট/সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করিবে:<br>ক) চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর গৃহ নির্মাণ ঋণের দায়ের বিবরণ, প্রাপ্য সুবিধাদি, বন্ধকীকৃত সম্পত্তির তথ্যাদি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করিবে।<br>খ) চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর পারিবারিক দুর্দশাগ্রস্ততার বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্ত সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রত্যয়নপত্র/প্রতিবেদন তৈরী করিবে।<br>গ) চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর অপরিশোধিত ঋণের আসল ও সুদ মওকুফ সংক্রান্তে পূর্ণাঙ্গ প্রস্তাব তৈরী করিবে এবং গঠিত পর্যালোচনা কমিটির সভায় উপস্থাপন করিবে। |

| | |
|---|---|
| | ৪। কমিটি নিম্নরূপ বিষয়াদি বিবেচনাপূর্বক এ সংক্রান্ত সুপারিশ প্রদান করিবে:<br>(৪.১) অগ্রিম/ঋণ গ্রহীতা আইসিবি'তে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে গৃহিত ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হইবে। এক্ষেত্রে অবসরোত্তর ছুটিকালও (পিআরএল) চাকুরিকাল হিসেবে গণ্য হইবে;<br>(৪.২) সংশ্লিষ্ট কর্মচারীর প্রাপ্য আনুতোষিক মৃত্যুর পূর্বে নিষ্পত্তি হইয়া থাকিলে তাহার ক্ষেত্রে মওকুফের প্রস্তাব বিবেচনাযোগ্য হইবে না;<br>(৪.৩) চাকুরিরত অবস্থায় কোন কর্মচারী দায়দেনাগ্রস্থ নিঃস্ব পরিবার পরিজন রাখিয়া মৃত্যুবরণ করিলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিলে তাহার ক্ষেত্রে প্রাপ্য সুবিধাদি বিবেচনাক্রমে আসল ও সুদ মওকুফযোগ্য হইবে;<br>(৪.৪) প্রাপ্য আনুতোষিক মোট ১২.০০ (বার) লক্ষ টাকা বা তদূর্ধ্ব হইলে উপ-অনুচ্ছেদ নং-(৪.৩) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত আসল মওকুফ বিবেচনায় আনা হইবে না;<br>(৪.৫) অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্যের অর্ধেক বা বেশী হইলে ( শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) মৃত/অক্ষম ব্যক্তির পরিবারের সদস্য সংখ্যা, ছেলে-মেয়েদের বয়স, লেখাপড়া ও আর্থিক অবস্থা ইত্যাদি বিবেচনাপূর্বক কমিটি আসল মওকুফের সুপারিশ করিবে; এবং<br>(৪.৬) দুস্থ/অসহায় পরিবার পরিজন রাখিয়া চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/ অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণকারী কর্মচারীর ক্ষেত্রে অপরিশোধিত সুদের সম্পূর্ণ অংশ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হইবে।<br>৫। কমিটি পরিবারটির সার্বিক অবস্থা পর্যালোচনান্তে নীতিমালার আলোকে সুপারিশ প্রদান করিবে। উক্ত সুপারিশ সম্বলিত প্রস্তাবটি সদয় বিবেচনান্তে অনাদায়ী ঋণ/অগ্রিম এর অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয়টি কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পরিচালনা বোর্ড সভায় উপস্থাপন করা হইবে। |

| | |
|---|---|
| | ৬। পরিচালনা বোর্ড প্রতিটি প্রস্তাবের গুনাগুণ (মেরিট) বিবেচনাপূর্বক অনাদায়ী ঋণ/অগ্রিম এর অপরিশোধিত আসল ও সুদ সর্বোচ্চ শতভাগ পর্যন্ত মওকুফের অনুমোদন করিতে পারিবে।<br><br>৭। চাকুরিরত অথবা পিআরএল ভোগরত অবস্থায় কোন কর্মচারী মৃত্যুবরণ করিলে, মৃত্যুবরণের তারিখ হইতে তাহার গৃহ নির্মাণ ঋণ হিসাবে কোন সুদ আরোপিত হইবে না।<br><br>৮। অপরিশোধিত আসল ও সুদ মওকুফ কার্যকরকরণ:<br><br>(৮.১) এ সুবিধা ০১.০৭.২০২১ তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য করা হইবে। তবে যে সকল কর্মচারী চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ/অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করিয়াছেন এবং যাদের হিসাব এখনও অনিষ্পন্নকৃত অবস্থায় রহিয়াছে, সে সকল কর্মচারীর আবেদন এই সুবিধার আওতায় বোর্ডে উপস্থাপন করা যাইবে।<br><br>(৮.২) পূর্বের নীতিমালা/ইশতেহারের আওতায় বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে অথবা অদ্যাবধি বাস্তবায়িত হয় নাই বা আংশিক বাস্তবায়িত হইয়াছে এমন অনুমোদিত বিষয়সমূহ পূর্বের নীতিমালার আওতায় বাস্তবায়িত হইবে।<br><br>৯। নিম্নোক্ত ক্ষেত্রে অপরিশোধিত আসল ও সুদ মওকুফ সুবিধা প্রযোজ্য হইবে না:<br><br>(৯.১) কোন কর্মচারী চাকুরিচ্যুত/অপসারিত হইলে অথবা স্বেচ্ছায় চাকুরি ছাড়িয়া দিলে/পদত্যাগ করিলে তাহাদের ক্ষেত্রে মওকুফ সুবিধা প্রযোজ্য হইবে না।<br><br>(৯.২) ইতঃপূর্বে নিষ্পত্তিকৃত সুদ মওকুফের প্রস্তাবসমূহ এই নীতিমালার আওতায় পুনঃবিবেচনাযোগ্য হইবে না।<br><br>(৯.৩) অগ্রিমের অর্থে ক্রয়কৃত সম্পত্তি কর্পোরেশনের অনুকূলে রেজিস্টার্ড বন্ধক সৃষ্টি না করিলে (বিশেষ কারণ ব্যতিত) তাহাদের ক্ষেত্রে এই সুবিধা বিবেচনাযোগ্য হইবে না। |

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে

মোঃ আবুল হোসেন

ব্যবস্থাপনা পরিচালক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd